

২০২১

চতুর্থ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-8

(প্রাগাধুনিক সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বৈষ্ণব সাহিত্যে 'অভিসার' পর্যায়ের তাৎপর্য লেখো। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর একটি পদ অবলম্বনে কবির শ্রেষ্ঠত্বের পরিচয় দাও। ১০
- অথবা,
- (খ) "অক্ষুর তপন তাপে যদি জারব" — কোন পর্যায়ের পদ? কবি কে? পদটিতে প্রতিফলিত রাখার যন্ত্রণাভোগ ও হৃদয়ার্তির পরিচয় দাও। ১০
- ২। (ক) ভাঁড়ুদত্ত চরিত্রটি মুকুন্দ চক্রবর্তী-সৃষ্ট সবচেয়ে বাস্তব চরিত্র।— আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের আখ্যটিক খণ্ড অবলম্বনে মুকুন্দ চক্রবর্তীর সমাজদৃষ্টির পরিচয় দাও। ১০
- ৩। (ক) শাক্ত পদসাহিত্যে রামপ্রসাদ সেনের কৃতিত্ব আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) 'ভক্তের আকৃতি' পর্যায়ে প্রতিফলিত আঠারো শতকের সমাজবাস্তবতার পরিচয় দাও। ১০
- ৪। (ক) পদাবলী সাহিত্যে পূর্বরাগ-এর আধ্যাত্মিক তাৎপর্য লেখো। ৫
- অথবা,
- (খ) রূপানুরাগের পদে গুণদাসের কৃতিত্ব আলোচনা করো। ৫
- ৫। (ক) 'ফুল্লরার বারোমাস্যা' অবলম্বনে ফুল্লরার সাংসারিক জীবনচিত্রের পরিচয় দাও। ৫
- অথবা,
- (খ) 'কালকেতুর ভোজন' অবলম্বনে মুকুন্দ চক্রবর্তীর কৌতুকপ্রিয়তার পরিচয় দাও। ৫

Please Turn Over

৬। (ক) শাক্তপদাবলীতে কীভাবে মেনকার উৎকর্ষার মধ্যে বাঙালি মায়ের হৃদয়টি ধরা পড়েছে তা উদ্ধৃতি সহযোগে দেখাও। ৫

অথবা,

(খ) “গিরিরাণি, এই নাও তোমার উমারে” — পদটিতে গিরিরাজ যতটা না পিতা, তার চেয়ে বড়ো ভক্ত। — আলোচনা করো। ৫

৭। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×১

(ক) বৈষ্ণব পদাবলীর গৌরচন্দ্রিকা

(খ) মুরারী শীল চরিত্র

(গ) শাক্তপদাবলীর বাৎসল্য রসের শ্রেষ্ঠত্ব।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) কৃষ্ণের পালক পিতার নাম কী?

(খ) কাকে দ্বিতীয় বিদ্যাপতি বলা হয়?

(গ) “মন্দির বাহির কঠিন কপাট” — এখানে ‘মন্দির’ শব্দটির অর্থ কী?

(ঘ) “বহুদিন পরে বঁধুয়া এলে” — কোন পর্যায়ের পদ? কবি কে?

(ঙ) কোন রস-পর্যায়ে অনুভব ‘তিলে তিলে নূতন হোয়’?

(চ) কবি মুকুন্দ চক্রবর্তী কোন গ্রামে ছয়-সাত পুরুষ ধরে বাস করতেন?

(ছ) “খুঁজিয়া পাইল যেন হাঁড়ির মত সরা” — ‘হাঁড়ির মত সরা’ বলতে কী বোঝানো হয়েছে?

(জ) কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে — ‘ষোড়শী কন্যা’-র পরিচয় দাও।

(ঝ) ফজর সময়ে উঠি বিছায়ে লোহিত পাটি — ‘ফজর’ কোন ভাষার শব্দ? অর্থ কী?

(ঞ) ভাঁড়ুদত্তর দাদা শিবাদত্তর বিয়ে হয়নি কেন?

(ট) কমলাকান্ত ভট্টাচার্য কোন রাজসভার সঙ্গে যুক্ত ছিলেন?

(ঠ) “মায়ে-ঝিয়ে করবো ঝগড়া” — কার সঙ্গে কেন ঝগড়া করা হবে?

(ড) “মা আমায় ঘুরাবে কত?” — মা কেমন করে ভক্তকে ঘোরাচ্ছেন?

(ঢ) “এমন দিন কি হবে তারা” — কবির কেমন দিন কাঙ্ক্ষিত?

(ণ) ‘ছ-টা কলুর অনুগত’ বলতে রামপ্রসাদ কী বোঝাতে চেয়েছেন?